উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# উপজেলা পরিষদ
# মহম্মদপুর, মাগুরা

## মহম্মদপুর উপজেলার সেপ্টেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবু আব্দুল্লাহেল কাফী<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা। |
| স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, মহম্মদপুর, মাগুরা। |
| তারিখ ও সময় | : | ২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রি:, বেলা ১১.৩০ ঘটিকা |
| সভায় উপস্থিত সদসদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |
| সভায় উপস্থিত সদসদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'খ' |

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর মার্চ ২০২১ মাসের সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে জানান যে, ভ্যাকসিন প্রদানের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু করা হয়েছে। স্বাস্থ্য বিধি মেনে ভ্যাকসিন গ্রহণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে অপপ্রচার রুখতে সকলের সহযোগিতা কামনা করা হয়। এ ছাড়া তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক এবং সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | ১) করোনা ভাইরাসের টিকা গ্রহণে সকলকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকল মহম্মদপুর মাগুরা |
| ২) কৃষি অফিস:<br>উপজেলা কৃষি কর্মকর্তা, মহম্মদপুর জানান যে, এ উপজেলায় কৃষকদের মাঝে ভর্তুকির মাধ্যমে কৃষি যন্ত্রপাতি বিতরণ করা হবে। তিনি আরও জানান যে, হাওর ও দক্ষিনাঞ্চলে ৭০% এবং দেশের অন্যান্য অনঞ্চলে ৫০% হারে কৃষি যন্তপাতি বিতরণ করা হবে। মাঠ পর্যায়ের কৃষকদের চাহিদার উপর ভিত্তি করে বিভিন্ন প্রকার কৃষি যন্ত্রপাতি বিতরণের সংখ্য নির্ধারণ করা হবে। কৃষি যন্তপাতি: ১) কম্বাইন হারভেস্টার, ফসল-ধান, গম এবং ভূট্টা। ২) রিপার ও রিপার বাইন্ডার<br>৩) রাইস ট্রান্সপ্লান্টার যন্ত্র ৪) সিডার ৫) পাওয়ার থ্রেসার ৬) মেইজ সেলার ৭) ড্রায়ার ৮) পাওয়ার স্প্রেয়ার ৯) পাওয়ার উইডার ১০) পটেটো ডিগার ১১) আলুর চিপস্ তৈরীর যন্ত্র ১২) ক্যারেট ওয়াসার ১৩) ওয়ার্কসপ যন্ত্রপাতি/খুচরা যন্ত্রাংশ। কৃষকদের মাঝে এগুলি যাতে যথাযথভাবে বিতরন করা যায় এ ব্যাপারে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ২) কৃষক নির্বাচনের বিষয়ে জনপ্রতিনিধিদের মতামত গ্রহণের সিদ্ধান্ত হয়। | উপজেলা কৃষি অফিসার, মহম্মদপুর মাগুরা |

<table>
<tr>
<td>৩) প্রাণিসম্পদ বিভাগ:<br>উপজেলা প্রাণিম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, এ উপজেলায় বুধবারকে মিটলেস ডি হিসেবে ঘোষণা করা হয়েছে, যে দিন অত্র উপজেলায় কোন পশু জবাই করা হবে না। উৎসব অনুষ্ঠানে এর ব্যতিক্রম থাকবে। বিষয়টি বহুল প্রচারের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br><br>২০২০-২১ অর্থ বছরে অত্র উপজেলার দুধ, ডিম, মাংসের উৎপাদন ও চাহিদার তথ্য।<br>
<table>
<tr><th>দ্রব্য</th><th>চাহিদা</th><th>উৎপাদন</th><th>উদ্বৃত্ত</th><th>ঘাটতি</th></tr>
<tr><td>দুধ</td><td>১৯৭০০ মে.টন</td><td>১৩৯৭০</td><td>-</td><td>৫৭৩০</td></tr>
<tr><td>ডিম</td><td>২২৪.৫ লাখ</td><td>৫৬৮</td><td>৩৪৩.৫</td><td>-</td></tr>
<tr><td>মাংস</td><td>৯৪৫০ মে.টন</td><td>১৫৮৫৯</td><td>৬৪০৯</td><td>-</td></tr>
</table>
তিনি আরো জানান যে, ১ কেজি দুধ উৎপাদনে ৮০ গ্রাম আমিষ প্রয়োজন। ১ কেজি ঘাসে ২০ গ্রাম আমিষ আছে। ১ কেজি সয়াবিনের খৈলে ৪৫০ গ্রাম আমিষ আছে, কিন্তু খড়ে আমিষের পরিমাণ খুবই কম। গাভীকে চাহিদামত আমিষ সরবরাহ করলে দেড় থেকে দিগুন দুধ উৎপাদন করা সম্ভব। এ জন্য দুধ উৎপাদন বাড়ানোর জন্য ঘাস চাষ ও আমিষ জাতীয় খাদ্যের উপর জোর দেওয়া হচ্ছে, খামারীদের মাঝে ফিড ফরমুলেশন বিতরণ করা হচ্ছে।</td>
<td>৩) প্রতি বুধবার কে মিটলেস ডে হিসেবে ঘোষনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা</td>
</tr>
<tr>
<td>৪) উপজেলা প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, এ উপজেলায় চলমান সকল প্রকল্পসমূহ বিধি মোতাবেক মনিটরিং করা হচ্ছে।</td>
<td>৪) সকল প্রকল্পের কাজ ভাল ভাবে যাচাইপূর্বক বিল ছাড়করণের সিদ্ধান্ত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী মহম্মদপুর, মাগুরা</td>
</tr>
<tr>
<td>৫) মৎস্য বিভাগ:<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নাই।</td>
<td>৫) বিধি মোতাবেক কাজ পরিচালনার সিদ্ধান্ত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী কর্মকর্তা, মহম্মদপুর ও উপজেলা মৎস্য কর্মকর্তা, মহম্মদপুর মাগুরা।</td>
</tr>
<tr>
<td>৬) উপজেলা শিক্ষা অফিস :<br>উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান এ মূহর্তে বন্ধ রয়েছে। বই বিতরণের কাজ সফলভাবে সম্পন্ন করা হয়েছে।</td>
<td>৬) সফল ভাবে বই বিতরণ সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং স্কুলের ওয়াসরুমগুলো ভালভাবে পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা।</td>
</tr>
<tr>
<td>৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, করোনকালীন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। তবে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে অনলাইন শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। অনলাইন শিক্ষা কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে।</td>
<td>৭) সফল ভাবে বই বিতরণ সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং স্কুলের ওয়াসরুমগুলো ভালভাবে পরিস্কার পরিচ্ছন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td>
</tr>
<tr>
<td>৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td>
<td>৮) বিধি মোতাবেক কাজ সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা খাদ্য নিয়ন্তক</td>
</tr>
</table>



CamScanner

| | | |
|---|---|---|
| ৯) সমাজসেবা অফিস:<br>উপজেলা সমাজসেবা অফিসার, মহম্মদপুর মাগুরা জানান যে, মহম্মদপুর উপজেলা শতভাগ সামাজিক নিরাপত্তা বেষ্টনী (বয়স্ক, বিধবা/স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধী ভাতা) কর্মসূচির সুবিধার আওতায় এসেছে। এজন্য বিধিমতে কেউ এ সুবিধার আওতার আসার উপযোগী হলে তাকে সে সুবিধা প্রদান করা যাবে। | ৯) সঠিকভাবে এ সেবা প্রদান নিশ্চিতকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, মহম্মদপুর, মাগুরা |
| ১০) সমবায় অফিস:<br>উপজেলা সমবায় অফিসার, মহম্মদপুর মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম যথানিয়মে চলমান রয়েছে। | ১০) ইউনিয়নে সমবায় সমতি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত হয় এবং পুরাতন সমবায় সমিতির তালিকা আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | উপজেলা সমবায় অফিসার, মহম্মদপুর, মাগুরা |
| ১১) বিআরডিবি অফিস:<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিক চলমান রয়েছে। কোন সমস্যা নাই। | ১১) বিধি মোতাবেক কাজ পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা |
| ১২) মহিলা বিষয়ক অফিস:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২২ ভিজিডি চক্রের চুড়ান্ত অনুমোদন সম্পন্ন। ভিজিডি উপকারভোগীদের বই বিতরণের কার্যক্রম প্রক্রিয়াধীন। ২০১৯-২০ ভিজিডি চক্রের উপকারভোগীদের সঞ্চয় ফেরত প্রদান করা হয়েছে স্ব-স্ব ইউনিয়নের নির্ধারিত ব্যাংক থেকে। কিশোর কিশোরী ক্লাবের জন্য সংগীত ও আবৃত্তি শিক্ষক নিয়োগ প্রদান চুড়ান্তকরণ করা হয়েছে সদর কার্যালয় থেকে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১২) বিধি মোতাবেক কাজ পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ১৩) বিদ্যুৎ বিভাগ:<br>ডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান যে, এ উপজেলায় বিদ্যুতের কোন ঘাটতি নাই। লোড শেডিং যা হয় শুধুমাত্র মেরামত করার জন্য। এ ছাড়া কিছু সরকারি ও আধা সরকারি দপ্তরে বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১৩) যথা সময়ে বিদ্যুৎ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট দপ্তর। |
| ১৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | ১৪) চলমান প্রকল্পগুলি ভালভাবে মনিটরিং এর সিদ্ধান্ত হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহম্মদপুর মাগুরাসহ সংশ্লিষ্ট সকল |
| ১৫) যুব উন্নয়ন অফিস:<br>উপজলো যুব র্কমর্কতা, মহম্মদপুর জানান যে, তাঁর দপ্তররে কাজ কর্ম স্বাভাবকিভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নাই। | ১৫) অফিসের কাজ কর্ম যথাযথভাবে পরিচালনা সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা |
| ১৬) সহকারী প্রকৌশলীর দপ্তর (জনস্বাস্থ্য) :<br>উপ-সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০ অর্থ বছরের কাজ চলমান রয়েছে এবং তা শেষ পর্যায়ে। ২০২০-২১ অর্থ বছরে নতুন ২০৮টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। কার্যাদেশ পাওয়া সাপেক্ষে পরবর্তী কাজ শুরু হবে। | ১৬) বিধি মোতাবেক বিভাজনপূর্বক নলকূপ বিতরণের সিদ্ধান্ত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭) আমার বাড়ি আমার খামার:<br>সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প সভাকে আরও অবহিত করেন যে, কিছু বকেয়া ঋণ অনাদায়ী রয়েছে। | ১৭) বিধিমতে বকেয়া আদায় কার্যক্রম চালানোর জন্য বলা হলো। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প |

CamScanner

| | | |
|---|---|---|
| ১৮) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নিয়মিত স্বাস্থ্যসেবা প্রদান করা হয়ে থাকে। এবিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১৮) মহিলাদের স্বাস্থ্যসেবা যথাযথভাবে প্রদানের সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ |
| ১৯) চলমান প্রকল্প দাখিল:<br>উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, উপজেলা মাসিক সমন্বয় সভায় প্রতিটি দপ্তরের চলমান প্রকল্প এবং গুরুত্বপূর্ণ বিষয়াদি লিখিতভাবে মিটিং শেষ হওয়ার ০৩(তিন) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। যাহাতে যথাযথভাবে বক্তব্য রেজুলেশনে অন্তর্ভূক্ত করা যায়। | ১৯) সকল দপ্তরের কার্যক্রম লিখিত ভাবে মিটিং শেষ হওয়ার ০৩(তিন) কার্য দিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ |
| ২০) উপজেলা বন বিভাগ:<br>ফরেস্টার, উপজেলা বনবিভাগ, মহম্মদপুর, মাগুরা সভাকে জানান যে, তার দপ্তরের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলমান আছে। | ২০) বিধি মোতাবেক কাজ পরিচালনা সিদ্ধান্ত হয়। | ফরেস্টার, উপজেলা বন বিভাগ |
| ২৩) এডিপি'র বরাদ্দ :<br>বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে ২০২০-২১ অর্থ বছরে করোনা ভাইরাস বিস্তার রোধকল্পে জনসাধারণের মাঝে শুধুমাত্র মাস্ক ক্রয় ও বিনামূল্যে বিতরণের জন্য ১,০৬,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। সভায় উক্ত করোনা সামগ্রী ক্রয় ও বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ দ্বারা উক্ত করোনা সামগ্রী ক্রয় এবং বিতরণের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি ক্রয় কমিটি গঠন করা হয় :<br>(১) জনাব মোঃ নওশের আলী , ইউপি সদস্য, মহম্মদপুর-সভাপতি<br>(২) জনাব মোঃ রফিকুল ইসলাম, সহ: প্রোগ্রামার, আইসিটি, মহম্মদপুর-সদস-সচিব<br>(৩) জনাব মোঃ মমিনুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহম্মদপুর , সদস্য<br>(৪) জনাব মোঃ আবুল কালাম, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, মহম্মদপুর-সদস্য<br>(৫) জনাব শ্রী কানু তেওয়ারী, ব্যবসায়ী, মহম্মদপুর বাজার-সদস্য | সংশ্লিষ্ট কমিটি |

CS CamScanner

(৩১) বিবিধ:

| | | |
|---|---|---|
| (৩১.১) উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় আনুষঙ্গিক বাবদ ফেব্রুয়ারি ২০২১ মাসে ৫,০০০/-টাকা ব্যয় হয়েছে। যা অপরিশোধিত রয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ) আনুষঙ্গিক খাত হতে উত্তোলনপূর্বক পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (৩১.১) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় আনুষঙ্গিক বাবদ ব্যয়িত ৫,০০০/-টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ) আনুষঙ্গিক খাত হতে | উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, মহম্মদপুর, মাগুরা/উপজেলা প্রকৌশলী, মহম্মদপুর মাগুরা। |
| (৩১.২) উপজেলা পরিষদ সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ ফেব্রুয়ারি ২০২১ মাসে ৩০,০০০/- টাকা ব্যয় হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ)(১) খাত হতে পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (৩১.২) উপজেলা পরিষদ সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ ফেব্রুয়ারি ২০২১ মাসে ব্যয়িত ৩০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩(ঝ)(১) খাত হতে পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৩১.৩) উপজেলা পরিষদের অফিসার্স কোয়ার্টারের পানির লাইন মরামত বাবদ ১৬,৫০০/-টাকা ব্যয় করা হয়েছে। ব্যয়িত অর্থের বিল াউচার সভায় অনুমোদনের জন্য পেশ করা হয়। সভায় এ বিষয়ে বস্তারিত আলোচনা করা হয়। | (৩১.২) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর সংশ্লিষ্ট খাত হতে পানির লাইন মেরামত বাবদ ব্যয়িত অর্থ পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১.৪) উপজেলা কমিটির আপ্যায়ন ব্যয় বাবদ মাসিক ৮,০০০/-টাকা পজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের নির্দেশনা রয়েছে। ফব্রুয়ারি ২০২১ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ ৮,০০০/-টাকার বিল াউচার সভায় উপস্থাপন করা হয়। উক্ত বিল পরিশোধের বিষয়ে ভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (৩১.৪) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমিটির ফেব্রুয়ারি ২০২১ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ বিল ভাউচার সভায় অনুমোদন করা হয়। বিল ভাউচার মোতাবেক উক্ত অর্থ উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার সংশ্লিষ্ট খাত হতে পরিশোধ করার সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

২৭/০৩/২০২২

আবু আব্দুল্লাহেল কাফী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
মহম্মদপুর, মাগুরা।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মহম্মদপুর, মাগুরা।
www.mohammadpur.magura.gov.bd

স্মারক নং ০৫.৪৪.৫৫৬৬.০০০.১২.০০১.২১- ৮০৪

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ড. শ্রী বীরেন শিকদার, মাননীয় সংসদ সদস্য, ৯২, মাগুরা-২।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, খুলনা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৬। জেলা প্রশাসক, মাগুরা।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১১। উপজেলা ........................... কর্মকর্তা, মহম্মদপুর, মাগুরা।
১২। চেয়ারম্যান, বাবুখালী/ বিনোদপুর/দীঘা/রাজাপুর/বালিদিয়া/ মহম্মদপুর/পলাশবাড়িয়া ও নহাটা ইউনিয়ন পরিষদ, মহম্মদপুর, মাগুরা।
১৩। অফিস কপি।

২৩/০৯/22

রামানন্দ পাল
উপজেলা নির্বাহী অফিসার
মহম্মদপুর, মাগুরা।

CS CamScanner